গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪ আবদুল গণি রোড, ঢাকা-১০০০।
www.rd.gov.bd

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২৫-২৮৮(৬১)

০৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ------------------------
২২ জুলাই ২০২৫ খ্রি.।

**বিষয়: বিনষ্টযোগ্য দাবিবিহীন দলিল ও অন্যান্য রেকর্ডপত্রের তালিকা প্রস্তুত, দাখিল ও বিনষ্টকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে অতি উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, রেজিস্ট্রি অফিসসমূহে রক্ষিত বিনষ্টযোগ্য দাবিবিহীন দলিল ও অন্যান্য রেকর্ডপত্রের তালিকা প্রতি বছর ২৮ ফেব্রুয়ারি বা উহার পূর্বে নির্ধারিত ফরমে (ফরম ন. ১৬ ও ১৭, পরিশিষ্ট ৫) তালিকাভুক্ত দলিল ও রেকর্ডপত্র বিনষ্টকরণের অনুমোদনের জন্য অধিদপ্তরে দাখিলের তারিখ নির্ধারিত থাকা সত্ত্বেও তা যথাযথ প্রতিপালন না করার ফলে সংশ্লিষ্ট অফিসসমূহে দাবিবিহীন দলিল ও রেকর্ডপত্র সংরক্ষণে নানাবিধ সমস্যা ও জটিলতা তৈরি হচ্ছে। ক্ষেত্র বিশেষে কোনো কোনো রেজিস্ট্রি অফিস/সদর মহাফেজখানায় রেকর্ডপত্রের নিরাপদ সংরক্ষণের ক্ষেত্রে ভীষণ বিঘ্ন সৃষ্টি হচ্ছে। যা কখনও কাম্য হতে পারে না।

০২। স্মর্তব্য যে, নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ এর ৬ষ্ঠ খন্ডের অনুচ্ছেদ-২৫ এ এতদবিষয় সংক্রান্ত নির্দেশনাবলি বিশদভাবে বর্ণিত রয়েছে। এতদসত্ত্বেও অদ্যাবধি জেলা হতে বিনষ্টযোগ্য দাবিবিহীন দলিল ও অন্যান্য রেকর্ডপত্রের তালিকা প্রেরণ করা হয়নি। যা খুবই উদ্বেগের বিষয়।

০৩। প্রসঙ্গতঃ নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ইতঃপূর্বে জারিকৃত বিগত ২৮.১২.২০২২ খ্রি. তারিখের ১০.০৫.০০০০.০০৪.৯৯.০৩৯.২২-৫৬১(৬১) ন. স্মারকে পত্রের পরিপ্রেক্ষিতে তাঁর জেলার যে সকল অফিস দাবিবিহীন দলিল ও পুরোনো রেকর্ডপত্র এর বিধিমোতাবেক প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী ধ্বংস ও বিনষ্ট করা হয়েছে; সে সকল অফিসের তালিকা, সর্বশেষ দাবিবিহীন দলিল ধ্বংসের তারিখ, দলিলের নম্বর ও সন এবং অন্যদিকে উক্ত স্মারক অনুযায়ী যে সকল অফিস দাবিবিহীন দলিল ও পুরোনো রেকর্ডপত্র এর বিধিমোতাবেক প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী ধ্বংস ও বিনষ্ট করা হয়নি; সে সকল অফিসের তালিকা, সর্বশেষ দাবিবিহীন দলিল ধ্বংসের তারিখ, দলিলের নম্বর ও সন সম্বলিত তথ্যাদি অনুচ্ছেদ-২৭ অনুযায়ী বিনষ্টকৃত দলিল ও রেকর্ডপত্রের তালিকার দাপ্তরিক কপিতে লিপিবদ্ধ রেকর্ড বিনষ্টকরণের প্রত্যয়নের ফটোকপি প্রমাণক হিসেবে সংযুক্তি করে জরুরিভিত্তিতে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো এবং;

০৪। এতৎসঙ্গে, যে সকল জেলা হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত বিনষ্টযোগ্য দাবিবিহীন দলিল ও অন্যান্য রেকর্ডপত্রের তালিকা নির্ধারিত ফরমে (ফরম ন. ১৬ ও ১৭, পরিশিষ্ট ৫) অদ্যাবধি এ অধিদপ্তরে দাখিল করা হয়নি, সে সকল জেলার জেলা রেজিস্ট্রারকে নির্ধারিত সময়ে তালিকা প্রেরণ না করার যৌক্তিক ব্যাখ্যাসহ আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বিধি মোতাবেক জেলার একীভূত তালিকা প্রস্তুতপূর্বক অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার দায়ী থাকবেন।

**বিষয়টি অতীব জরুরি ও জনগুরুত্বসম্পন্ন।**

২৩.০৭.২৫
কাজী আবদুল হান্নান
মহাপরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার, ----------------------------(সকল) ।